দৈনিক খবর

তারিখ 20 MAY 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

10

দাখিল পরীক্ষা

## নকলের সুযোগ করে দেয়ায় সুপারিনটেনডেন্ট ও ছাত্রসহ ৭ জন গ্রেফতার

রংপুর, ১৯শে মে (লিয়াকত আলী বাদল)।– মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্রের বাইরে অন্য একটি ঘরে পরীক্ষা দেয়ার সময় মাদ্রাসার একজন সুপারিন্টেন্ডেন্টসহ ৭ জনকে পীরগাছা পুলিশ গ্রেফতার করেছে।

জানা গেছে পীরগাছা মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রের কাছে একটি ঘরে মাদ্রাসা সুপারিনটেডেন্ট-এর সহায়তায় ৩ জন ছাত্র পরীক্ষা দিচ্ছে গোপন সূত্রের ভিত্তিতে এই খবর পেয়ে পীরগাছা থানা নির্বাহী কর্মকর্তা পুলিশসহ সেখানে অভিযান চালিয়ে সুপারিনটেডেন্ট মোহাম্মদ আলী ও ৩ জন পরীক্ষার্থীকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত অন্য তিন জন হলো সাহায্যকারী।

এ ব্যাপারে পীরগাছা থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।